গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
সরবরাহ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www. mofood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০০০.০৪৬.৫১.০০০১.২৬.১৫১ তারিখ: ১ শ্রাবণ ১৪৩৩ / ১৬ জুলাই ২০২৬

বিষয়: **বন্যা কবলিত চট্টগ্রাম বিভাগের ৩৯ (ঊনচল্লিশ)টি উপজেলায় এবং চট্টগ্রাম মহানগরীতে ওএমএস কার্যক্রম পরিচালনা**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বন্যা কবলিত চট্টগ্রাম বিভাগের চট্টগ্রাম, কক্সবাজার, রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান জেলার ৩৯টি উপজেলায় (৩৯x২)= ৭৮টি কেন্দ্রে জুলাই/২৬ (১৯ জুলাই হতে ৩০ জুলাই) ও আগস্ট/২৬ মাসের (১০+২০)=৩০ বিক্রয় দিবসে (৭৮x১x৩০)=২,৩৪০ মে.টন চাল ও (৭৮x০.৫০০x৩০)=১,১৭০ মে. টন ফলিত আটার জন্য ১৫১৯.৪৮ মে. টন গম এবং চট্টগ্রাম মহানগরীতে ওএমএস (সাধারণ) কার্যক্রমে জুলাই ২০২৬ (১৯ জুলাই হতে ৩০ জুলাই) ১০ বিক্রয় দিবসে (৪১x১x১০)= ৪,১০ মে.টন চাল ও (৪১x০.৫০০x১০)= ২০৫ মে. টন ফলিত আটার জন্য ২৬৬.২৩ মে. টন গম এবং আগস্ট ২০২৬ মাসের ২০ বিক্রয় দিবসে ৪১টি কেন্দ্রে দৈনিক ২.০০ মে. টন চাল ও ১.৫০ মে. টন হিসেবে (৪১x২x২০)= ১,৬৪০ মে.টন চাল ও (৪১x১.৫০০x২০)= ১২৩০ মে. টন ফলিত আটার জন্য ১৫৯৭.৪০ মে. টন গম সংযুক্ত বিভাজন অনুযায়ী নিম্নোক্ত শর্তে বিক্রয়ের অনুমোদন প্রদান করা হলো:

## শর্তসমূহ:

(ক) তালিকাভুক্ত ময়দামিলসূহের অনুকূলে জুলাই ২০২৬ মাসের বরাদ্দকৃত গম ২৮ জুলাই ২০২৬ তারিখর মধ্যে এবং আগস্ট ২০২৬ মাসের গম ১৫ আগস্ট ২০২৬ তারিখের মধ্যে গুদাম হতে উত্তোলন করতে হবে;

(খ) নির্ধারিত সময়ের মধ্যে গম উত্তোলনের সুবিধার্থে সারাদেশের গুদামসমূহে চলাচলসূচি অনুযায়ী গমের মজুত নিশ্চিত করার জন্য পরিচালক (চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ) কে নির্দেশনা প্রদান করা, যাতে গুদামে গমের মজুত স্বল্পতার কারণে গম উত্তোলনের সময়সীমা পরবর্তীতে বর্ধিত করতে না হয়;

(গ) গম উপ-বরাদ্দ প্রাপ্ত ময়দা মিলের তালিকা উপ-বরাদ্দ প্রদানের সাথে সাথে চাহিদাপত্রসহ মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে;

(ঘ) জুলাই ও আগস্ট ২০২৬ মাসের জন্য বরাদ্দকৃত গমের পেষাইকৃত ফলিত আটা উপকারভোগীদের মাঝে যথাক্রমে জুলাই ও আগস্ট ২০২৬ মাসেই বিতরণ করতে হবে;

(ঙ) গম বরাদ্দপ্রাপ্ত প্রতিটি মিলের পেষাইকৃত ফলিত আটার (প্যাকেট/খোলা) গুণগতমান দৈবচয়নের ভিত্তিতে নিয়মিত পরীক্ষা করা এবং রিপোর্ট সম্পর্কে মন্ত্রণালয়কে অবহিত করা;

(চ) প্যাকেট আটার বরাদ্দপ্রাপ্ত মিলগুলো ম্যানুয়াল/সেমি অটোমেটিক/সম্পূর্ণ অটোমেটিক কী না তা নিশ্চিত হয়ে বরাদ্দ প্রদান করতে হবে;

(ছ) প্যাকেট আটা উৎপাদন কার্যক্রমে জড়িত মিলসমূহের মধ্যে যে সকল মিল সম্পূর্ণ অটোমেটিক/সেমি-

[illegible]

অটোমেটিক/ম্যানুয়ালি প্যাকেট আটা উৎপাদন করছে, সে সকল মিলের অনুকূলে বরাদ্দ প্রদানের ক্ষেত্রে সারাদেশে সামঞ্জস্য রাখতে হবে;

(জ) নির্ধারিত সময়ের মধ্যে বরাদ্দকৃত গম উত্তোলন না করলে সংশ্লিষ্ট ময়দা মিলের বিপরীতে পরবর্তী ০৬ (ছয়) মাসের বরাদ্দ প্রদান স্থগিত রাখতে হবে;

(ঝ) ওএমএস ডিলারের বিক্রয় কার্যক্রম মনিটরিং এর জন্য সংশ্লিষ্ট ওএমএস কমিটিকে নির্দেশনা প্রদান করতে হবে;

চলমান পাতা -১/৩

এবং

(ঞ) প্রতি মাসের খাদ্যশস্য উত্তোলনের তথ্য আবশ্যিকভাবে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য পরিচালক (সরবরহ, বন্টন ও বিপণন) কে নির্দেশনা প্রদান করতে হবে।

০২। বর্ণিত বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে চাল ও আটার বরাদ্দ বিভাজন।

সংযুক্তিসমূহঃ

(১) চট্টগ্রাম বিভাগের জুলাই (১০ কার্যদিবস) ও আগস্ট (২০ কার্যদিবস) মাসের ৩০ দিনের চালের বরাদ্দ বিভাজন
(২) চট্টগ্রাম বিভাগের জুলাই (১০ কার্যদিবস) ও আগস্ট (২০ কার্যদিবস) মাসের ৩০ দিনের আটার বরাদ্দ বিভাজন
(৩) চট্টগ্রাম মহানগরে আগস্ট মাসের ২০ দিনের চালের বরাদ্দ বিভাজন
(৪) চট্টগ্রাম মহানগরে আগস্ট মাসের ২০ দিনের আটার বরাদ্দ বিভাজন
(৫) চট্টগ্রাম মহানগরে জুলাই মাসের ১০ দিনের চালের বরাদ্দ বিভাজন
(৬) চট্টগ্রাম মহানগরে জুলাই মাসের ১০ দিনের আটার বরাদ্দ বিভাজন

১৬-০৭-২০২৬

মুহম্মদ শামীম কিবরিয়া
সিনিয়র সহকারী সচিব (রুটিন দায়িত্ব)
ফোন : +৮৮০২৯৫১৪৬১৬
ফ্যাক্স : +৮৮০২৯৫১৪৬৭৮
ইমেইল : dssupply1@mofood.gov.bd

মহাপরিচালক
মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০০০.০৪৬.৫১.০০০১.২৬.১৫১/১ (৯)

তারিখ: ১ শ্রাবণ ১৪৩৩
১৬ জুলাই ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। কমিশনার, কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম।
২। যুগ্মসচিব, সরবরাহ অধিশাখা, খাদ্য মন্ত্রণালয়।
৩। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম।
৪। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার।
৫। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, রাঙ্গামাটি।
৬। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, খাগড়াছড়ি।
৭। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলা।
৮। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়।
৯। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়।

চলমান পাতা - ২ / ৩

১৬-০৭-২০২৬
মুহম্মদ শামীম কিবরিয়া
সিনিয়র সহকারী সচিব (রুটিন দায়িত্ব)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
বান্দরবান পার্বত্য জেলা।
www.food.bandarban.gov.bd
http://www.dgfood.gov.bd/

তারিখ: ২ শ্রাবণ ১৪৩৩
১৭ জুলাই ২০২৬

স্মারক নম্বর: ১৩.০৩.০৩০০.০০০.০০০.১৬.০০০৭.২৩.১৪৯৭

**বিষয়: বন্যা কবলিত চট্টগ্রাম বিভাগের ৩৯(উনচল্লিশ)টি উপজেলায় এবং চট্টগ্রাম মহানগরীতে ওএমএস কার্যক্রম পরিচালনা।**

পত্রের উপর্যুক্ত নির্দেশনা মোতাবেক ১৯ জুলাই'২৬ হতে উপজেলা পর্যায়ে ওএমএস কার্যক্রম চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা

গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৭-০৭-২০২৬
সুপ্রকাশ চাকমা
জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
ইমেইল : dcf.bbn@dgfood.gov.bd

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)
...................................., বান্দরবান পার্বত্য জেলা।

স্মারক নম্বর: ১৩.০৩.০৩০০.০০০.০০০.১৬.০০০৭.২৩.১৪৯৭/১(৬)

তারিখ: ২ শ্রাবণ ১৪৩৩
১৭ জুলাই ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা।
২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৩। উপজেলা নির্বাহী অফিসার(সকল), .............................,বান্দরবান পার্বত্য জেলা।
৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল), ............................. এলএসডি, বান্দরবান পার্বত্য জেলা।
৫। গার্ড, ফাইল।
৬। অফিস, নথি।

১৭-০৭-২০২৬
সুপ্রকাশ চাকমা
জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)